গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
এবং

চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২- জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মসম্পাদনের সার্বিক চিত্র........................................................................... ৩

প্রস্তাবনা ............................................................................................................. ........................ ৪

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রূপকল্প (Vision),অভিলক্ষ্য(Mission),কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .................. ৫

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)২০২২-২৩ .. ........................ ৬-৮

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.................................. ৯-১০

সদস্য (প্রকৌশল ও সমন্বয়) এবং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর মধ্যে চুক্তি স্বাক্ষর ১১

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### ১। সাম্প্রতিক বছর সমুহে (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

২০১৯-২০ চট্টগ্রাম ডিভিশনের আওতাধীন “রাউজান উপজেলার স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস ৩৬টি আবাসিক প্লট উন্নয়ন (পিংক সিটি-১) প্রকল্প সমাপ্ত হয়েছে। চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস ১৯৫টি আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে কক্সবাজার জেলার সরকারী ভূমিতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এষ্টেটের আসাদ এভিনিউতে (গৃহায়ন কনকচাঁপা) এবং সাত মসজিদ রোডে (গৃহায়ন দোলনচাঁপা) ৪৩০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ঢাকার লালমাটিয়ায় ১৫৩ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প ও কমিউনিটি সেন্টার, মাদারীপুরের শিবচরে দাদা উপশহর কমার্শিয়াল ও আবাসিক জোন উন্নয়ন প্রকল্প এবং রাজশাহী জেলার তেরখাদিয়ায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প সমাপ্ত হয়েছে। ঢাকা জেলার দোহার উপজেলায় আবাসিক প্লট প্রকল্প, রাজশাহী জেলার পবা উপজেলায় গৃহায়ন পদ্মা আবসিক প্লট উন্নয়ন প্রকল্প এবং বাগেরহাট জেলায় খানজাহান আলী আবাসন-১ প্লট উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া, ঢাকার মিরপুর ৯নং সেকশনে বস্তিবাসীদের জন্য ভাড়া ভিত্তিতে ৫৩৩ টি ও ২৫টি ১৪ তলা বিশিষ্ট ভবনে ২৬০০টি, ঢাকার মোহাম্মদপুরের এফ ব্লকে ও লালমাটিয়া হাউজিং এ যথাক্রমে ৯০০ টি ও ১৪২টি (সরকারি কর্মকর্তাদের জন্যে ১টি প্রকল্পে ৮৮টি ফ্ল্যাট ও সরকারি কর্মচারীদের জন্য ১টি প্রকল্পে ৫৪টি ফ্ল্যাট), মিরপুর ১৬নং ধামালকোটে ৮৩২ টি, ধানমন্ডিতে ১২৭ টি, মিরপুর ১৫ নং সেকশনে ২টি প্রকল্পে ৬২০ টি, চট্টগ্রামের হালিশহর, ফিরোজশাহ এ ৩টি প্রকল্পে ৯১৪ টি আবাসিক ফ্ল্যাট মোট নির্মাণ কাজ চলমান রয়েছে এবং শেরপুর, চট্টগ্রাম (রাউজন, মিরসরাই, রাঙ্গুনিয়া), নোয়াখালী (মাইজদী, সোনাপুর), হবিগঞ্জ, সুনামগঞ্জ, কুষ্টিয়া, রাজশাহী, ঝিনাইদহ, পটুয়াখালী, পিরোজপুর, ঝালকাঠি ও মাদারীপুরে ২০৪৫টি প্লট উন্নয়ন কাজ চলমান রয়েছে।

### ২। সমস্যা ও চ্যালেঞ্জ সমুহ:

• জমি অধিগ্রহণ করতঃ আবাসিক প্রকল্প গ্রহণের সময় জনগণের জমি প্রদানে অনীহা, মামলা ইত্যাদি জনিত কারণে জমি অধিগ্রহণ করা কাঙ্খিত সময়ের মধ্যে সম্ভব হয় না, ফলে কাজ শুরু করতে বিলম্ব হয়।

• জমি অধিগ্রহণের ক্ষতিপূরণ ১.৫ গুণ থেকে বাড়িয়ে ৩গুণ করায় এবং নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে প্রকল্প মূল্য বেড়ে যায় ফলে বরাদ্দ গ্রহীতাগণ যেমন ক্ষতিগ্রস্থ হয় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষও সময়মত বরাদ্দ প্রাপকদের প্লট ও ফ্ল্যাট হস্তান্তর করতে সমর্থ হয় না।

### ৩। ভবিষ্যৎ পরিকল্পনা:

নিম্নোক্ত প্রকল্পসমূহ গ্রহনের কাজ প্রক্রিয়াধীন রয়েছেঃ ১) ঢাকার লালমাটিয়া হাউজিং এষ্টেটের নিউ কলোনীস্থ খেলার মাঠের অবকাঠামো উন্নয়ন ও পূনর্বাসন প্রকল্প। (সরকারি অর্থায়নে) (বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে ডিসেম্বর/২৩) ২) ময়মনসিংহ জেলা সদরে ছত্রপুর মৌজায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক কাম-বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প (স্ব-অর্থায়ন)। (বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে ডিসেম্বর/২৪) ৩) ময়মনসিংহ জেলার তারাকান্দা স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (স্ব-অর্থায়ন)। (বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে ডিসেম্বর/২৩) ৪) ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প।(বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে জুন/২৪) ৫) কুষ্টিয়া জেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (৫ম পর্যায়) (বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে জুন/২৪) ৬) ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম, ২য় ও ৩য় পর্ব) (বাস্তবায়নকালঃ জুলাই/২২ থেকে জুন/২৪)

### ২০১৯-২০ অর্থ বছরে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর সম্ভাব্য অর্জনসমূহ:

১৫০ টি প্লট এবং ৩৬৬ টি ফ্ল্যাট বরাদ্দকরণ। ৯০টি প্লটের এবং ৩৩৮ টি ফ্ল্যাটের দখল হস্তান্তর। ৩.৮৫ লক্ষ বর্গফুট ফ্ল্যাট নির্মাণ। ৪টি ডিপিপি প্রস্তুতকরণ এবং তা মন্ত্রণালয় থেকে অনুমোদন। ২.৯৬৫ একর অবৈধ দখল উচ্ছেদকরণ। ১৬০টি লীজ দলিল সম্পাদন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

এবং

চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তির স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলীঃ

### ১.১ রূপকল্প (Vision):

স্বল্প ও মধ্যম আয়ের বিভিন্ন শ্রেণী পেশার মানুষের জন্য পরিকল্পিত, নিরাপদ, সাশ্রয়ী ও টেকসই আবাসন নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

"রূপকল্প ২০৪১" বাস্তবে রূপায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক "আমার গ্রাম প্রকৃতই হবে আমার শহর" এই লক্ষ্য বাস্তবায়নে সুষ্ঠূ পরিকল্পনার মাধ্যমে আধুনিক নাগরিক সুযোগ সুবিধাসহ শহর থেকে উপজেলা পর্যন্ত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমিতে ও জমি অধিগ্রহণ করে পরিকল্পিত আবাসিক প্লট এবং ফ্ল্যাট তৈরি করা। স্বল্প ও মধ্যম আয়ের বিভিন্ন শ্রেনী পেশার মানুষের মধ্যে কিস্তি সুবিধায় এ সকল প্লট ও ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১. স্বল্প ও মধ্যম আয়ের বিভিন্ন শ্রেণী পেশার মানুষের জন্য আবাসনের সুযোগ সৃষ্টি ও রক্ষণাবেক্ষন।
২. পরিকল্পিত আবাসন ব্যবস্থার সম্প্রসারণ
৩. পরিকল্পিত নগরায়ন।
৪. সরকারী মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণ।
৫. রিয়েল এস্টেট আইন ও বিধিমালা অনুযায়ী পরিকল্পিত নগরায়ন তৈরির ক্ষেত্র প্রস্তুত করা।
এম.১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১.৪.১ স্বল্প ব্যয় ও আত্মসহায়তামূলক নগর ও গ্রামীণ গৃহায়ন প্রকল্প প্রণয়ন এবং মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে এর বাস্তবায়ন;
১.৪.২ দুর্দশাগ্রস্ত মহিলা, অসহায় ও দুঃস্থ নাগরিকের জন্য গৃহায়ন কার্যক্রম গ্রহণ;
১.৪.৩ সরকার কর্তৃক কর্তৃপক্ষের নিকট ন্যস্ত বা কর্তৃপক্ষের মালিকানাধীন জমির রক্ষণাবেক্ষন এবং উক্ত জমিতে বাড়ি, এপার্টমেন্ট, ফ্ল্যাট এবং ইমারত নির্মাণ;
১.৪.৪ গৃহায়ন প্রকল্প বাস্তবায়নে দেশি বিদেশি উদ্যোক্তাদের আকৃষ্ট করা।
১.৪.৫ রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে বেসরকারি ভাবে পরিকল্পিত আবাসন প্রকল্প গ্রহণের কার্যক্রম অনুমোদন ও বাস্তবায়ন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ২০২২-২৩

| ক্রমিক নং | চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন (২০২০-২১) | প্রকৃত অর্জন* (২০২১-২২) | ২০২২-২৩ লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ (Projection) (২০২৩-২০২৪) | (২০২৪-২০২৫) | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | স্বল্প ও মধ্যম আয়ের বিভিন্ন শ্রেণী পেশার মানুষের জন্য আবাসনের সুযোগ সৃষ্টি ও রক্ষণাবেক্ষন। | ফ্ল্যাট বরাদ্দকরণ | সংখ্যা | ২৯৮ | ৪৮১ | ৩৬৬ | ৩৫০ | ৩০০ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল ও রাজশাহী সার্কেল | ১. ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন। ২. ২০২১-২২ অর্থ বছরের জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী সার্কেলের আওতাধীন ডিভিশন কর্তৃক প্রেরিত তথ্য। ৩. ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী সার্কেলের আওতাধীন ডিভিশন কর্তৃক প্রেরিত অর্জন সম্ভাব্য লক্ষ্যমাত্রা। |
| | | প্লট বরাদ্দকরণ | সংখ্যা | ৪৮৮ | ০৫ | ১৫০ | ১৫০ | ১৩০ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল ও রাজশাহী সার্কেল | ঐ |
| | | ফ্ল্যাটের দখল হস্তান্তরকরন | সংখ্যা | ৬৬৫ | ৩৫৩ | ৩৩৮ | ৩০০ | ২৯০ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল ও | ঐ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | রাজশাহী সার্কেল | |
| | | প্লটের দখল হস্তান্তরকরন | সংখ্যা | ২৬৭ | ২২৩ | ৯০ | ১৫০ | ১২০ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল ও রাজশাহী সার্কেল | ঐ |
| ২ | পরিকল্পিত আবাসন ব্যবস্থার সম্প্রসারণ | নির্মিত ফ্ল্যাটের আয়তনের পরিমাণ | লক্ষ বর্গফুট | ১২.০১৮৬ | ৭.৪৭৭ | ৩.৮৫ | ৪ | ৩.৫ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল ও রাজশাহী সার্কেল | ঐ |
| | | ডিপিপি/ আরডিপিপি প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ ও অনুমোদন | সংখ্যা | ৫ | ৫ | ৪ | ৪ | ৪ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল, রাজশাহী সার্কেল এবং পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন | ঐ |
| ৩ | সরকারী মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণ | অবৈধ দখলদার উচ্ছেদ | একর | ৩৬ | ১৪.০৩ | ২.৯৬৫ | ২০ | ২৫ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল, রাজশাহী সার্কেল এবং ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা উইং | ঐ |
| | | লীজ দলিল সম্পাদনের সংখ্যা | সংখ্যা | ৪২১ | ৩৪৩ | ১৬০ | ১৪০ | ১৭০ | ঢাকা সার্কেল, চট্টগ্রাম সার্কেল, রাজশাহী সার্কেল এবং ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা উইং | ঐ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা | রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন কমিটির সভা আহবান | সংখ্যা | | | ২ | ২ | ২ | রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি | ঐ |
| | | রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানি / নিবন্ধিত ঠিকাদার দের তালিকা ওয়েবসাইটে আপলোডকরণ ও হালনাগাদকরণ | সংখ্যা | | | ৪ | ৪ | ৪ | রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি এবং জাগৃক এর কম্পিউটার সেল | ঐ |
| | | রিয়েল এস্টেট ব্যবস্থাপনার আওতায় পত্রিকায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রকাশ | সংখ্যা | | | ১ | | | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি | প্রকাশিত পত্রিকা |
| ৫ | পরিকল্পিত নগরায়ন | ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি | % | | | ১০০ | | | প্রকল্প পরিচালক | প্রকল্প পরিচালকের প্রতিবেদন |
| | | স্বল্প আয়ের মানুষের উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের অগ্রগতি | % | | | ৯০ | | | প্রকল্প পরিচালক | ঐ |
| | | ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দকরণ | সংখ্যা | | | ৩০০ | | | ঢাকা সার্কেল | নির্বাহী প্রকৌশলীর প্রতিবেদন। |

**প্রকৌশল ও সমন্বয় উইং এর এপিএ এ বাস্তবায়নে কর্মসম্পাদন ক্ষেত্রঃ**

| জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ | | | |
|---|---|---|---|
| কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | মোট লক্ষ্যমাত্রা |
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ (রাজস্ব ও উন্নয়ন বাজেট) | তারিখ | ২ | ৩১.০৭.২২ |
| ২.২ ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট) | % | ২ | ১০০ |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | % | ৩ | ১০০ |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | সংখ্যা | ৩ | PIC সভা= ২৭ টি |
| মোটঃ | | ১০ | |

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ডিভিশন ভিত্তিক বাস্তবায়ন লক্ষ্যমাত্রা**

| কর্মসম্পাদক সূচক (Performance Indicator) | কর্মসম্পাদন সূচকের মান | একক (Unit) | মোট লক্ষ্যমাত্রা | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ঢাকা ডিভিশন-১ | ঢাকা ডিভিশন-২ | মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ | চট্টগ্রাম ডিভিশন | সিলেট ডিভিশন | খুলনা ডিভিশন | রাজশাহী ডিভিশন | দিনাজপুর ডিভিশন | ২০২২-২৩ অর্থবছরে জাগৃক এর মোট লক্ষ্যমাত্রা |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** | **১২** |
| বরাদ্দকৃত প্লটের সংখ্যা | ৭ | সংখ্যা | - | - | - | ৩ | ৮ | ১০৪ | ৩০ | ০৫ | **১৫০** |
| বরাদ্দকৃত ফ্ল্যাটের সংখ্যা | ৮ | সংখ্যা | ২০০ | - | ১৬০ | ৪ | - | ০২ | - | - | **৩৬৬** |
| নির্মিত ফ্ল্যাটের আয়তনের পরিমান | ১০ | লক্ষ বর্গফুট | ১.৩ | ০.০৫ | ২.০০ | ০.৫০ | - | - | - | - | **৩.৮৫** |
| দখল হস্তান্তরকৃত প্লটের সংখ্যা | ৫ | সংখ্যা | ২৫ | - | ৫ | ৫ | - | ৩০ | ২০ | ৫ | **৯০** |
| দখল হস্তান্তরকৃত ফ্ল্যাটের সংখ্যা | ৫ | সংখ্যা | ২৫০ | ৫০ | ৩ | ৩০ | | ০ | | ০৫ | **৩৩৮** |
| অবৈধ দখলদার উচ্ছেদ পূর্বক দখল গ্রহণকৃত জমির পরিমাণ | ৫ | একর | ২ | - | .১৬৫ | - | - | ০.২০ | ০.৫ | ০.১০ | **২.৯৬৫** |
| লীজ দলিল সম্পাদনের সংখ্যা | ৫ | সংখ্যা | ৫০ | - | - | ৩৫ | ৫ | ৩০ | ৩০ | ১০ | **১৬০** |
| | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| স্বল্প আয়ের মানুষের উন্নত জীবন ব্যবস্থা প্রকল্প। | ৫ | % | ৯০% |
| ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি (নিম্ন আয়ের (বস্তিবাসী) জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন) | ৫ | % | ১০০% |
| ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দকরণ | ৫ | সংখ্যা | ৩০০টি |
| **মোটঃ** | ৬০ | | |

আমি সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাবে সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

22.6.22

----------------------------

সদস্য (প্রকৌশল ও সমন্বয়)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

----------------------------

তারিখ :

----------------------------

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

২২.০৬.২০২২

----------------------------

তারিখ :